তারিখ 11 MAY 2017
পৃষ্ঠা ১৪ কলাম ২

# কুমিল্লা বোর্ডের এসএসসির খাতা পুনঃমূল্যায়নের দাবি

**কুমিল্লা প্রতিনিধি**

সদ্য প্রকাশিত কুমিল্লা শিক্ষা বোর্ডের এসএসসির ফলাফলকে বিপর্যয় ও অস্বাভাবিক হিসেবে আখ্যায়িত করে তা প্রত্যাখ্যান করেছে ক্ষুব্ধ পরীক্ষার্থীরা। তারা অবিলম্বে পরীক্ষার্থীদের সকল খাতা পুনরায় মূল্যায়ন ও ফল বিপর্যয়ের সাথে জড়িত বোর্ড কর্মকর্তাদের বিচার দাবিতে মঙ্গলবার দুপুরে নগরীর কান্দিরপাড় এলাকায় মানববন্ধন করেছে।

জানা যায়, সদ্য প্রকাশিত এসএসসির ফলাফলে দেশের গড় পাসের হার ৮০.৩৫ হলেও কুমিল্লা বোর্ডে এ হার ছিল ৫৯.০৩ শতাংশ। এ বোর্ডে ফেল করেছে প্রায় ৮০ হাজার পরীক্ষার্থী। ফল প্রকাশের পর থেকে এ নিয়ে চরম সমালোচনার মুখে পড়ে বোর্ড কর্তৃপক্ষ। তাই এই ফলাফলকে বিপর্যয় হিসেবে দাবি করে পুনরায় খাতা মূল্যায়নের দাবিতে মঙ্গলবার দুপুরে নগরীর কান্দিরপাড় এলাকার টাউনহল মাঠের সামনে মানববন্ধনের আয়োজন করে পরীক্ষার্থীরা। এ সময় পরীক্ষার্থী রনি, ইমতিয়াজ, তানজিনা ও সুমি বলেন, বোর্ড কর্তৃপক্ষ স্বচ্ছতার নামে খাতা মূল্যায়নকারী পরীক্ষকদের কঠোর ও নির্দয় নির্দেশ দিয়ে পরিকল্পিতভাবে হাজার শিক্ষার্থীর ফল বিপর্যয়ে বিতর্কিত ভূমিকা রেখেছে। তাই অবিলম্বে পুনরায় খাতা মূল্যায়নের জন্য তারা শিক্ষামন্ত্রীর নিকট আহবান জানান।